

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৬, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.১৫৯—‘জাতীয় সঞ্চয় স্কিম’এর আওতায় ‘সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বা পুনঃবিনিয়োগ’ বিষয়ে ‘Sanchayapatra Rules, 1977’ অথবা বর্তমানে বলবৎ অন্য কোনো আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, উক্ত ‘Sanchayapatra Rules, 1977’ এর আওতায় সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগ সুবিধা প্রাপ্য হইবে না।

২। আন্তর্জাতিক সমুদ্রগামী জাহাজে চাকুরীরত বাংলাদেশি মেরিনার বা এয়ার ওয়েজ কোম্পানিতে চাকুরীরত বাংলাদেশি পাইলট ও কেবিন ক্রুগণের নিজ নামে বাংলাদেশে কোনো তফসিলি ব্যাংকের অথোরাইজড ডিলার (এডি) শাখায় বৈদেশিক মুদ্রা (এফসি) হিসাব থাকিলে, উক্ত এফসি একাউন্টে প্রাপ্ত রেমিট্যান্স দ্বারা ‘ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড’ এ বিনিয়োগ করার সুযোগ পাইবে।

৩। ০৩ নভেম্বর ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের ০৩ নং ক্রমিকে বর্ণিত অংশটি এ প্রজ্ঞাপনের ০২ অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মকিমা বেগম
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৯১৯৯)

মূল্য : টাকা ৪.০০